

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
বীর উত্তম এ, কে খন্দকার রোড  
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।  
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৮.১৩০.১৯.৩২২

তারিখঃ ০৫ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ  
১৯ জুন, ২০১৯ খ্রি.

প্রেরকঃ উপ-পরিচালক (কাবিখা-১)  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

- প্রাপকঃ (১) জেলা প্রশাসক,  
নেত্রকোণা/ময়মনসিংহ।  
(২) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
খাদ্য ভবন, ১৬ আঃ গণি রোড, ঢাকা।

বিষয়ঃ ২০১৮-২০১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় বিশেষ বরাদ্দ প্রদান।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১৮/০৬/২০১৯ তারিখের ৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.১৮(অংশ-২৯)-২৬৯ নং মঞ্জুরী আদেশের পরিপ্রেক্ষিতে ২০১৮-২০১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উল্লিখিত জেলা ও উপজেলার পার্শ্ব বর্ণিত প্রকল্পের অনুকূলে কাবিটা খাতে সর্বমোট ৩১,০০,০০০/- (একত্রিশ লক্ষ) টাকা নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে বরাদ্দ (বিশেষ বরাদ্দ) প্রদান করছি।

- ২। এই ব্যয় চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট কোড নং-১৪৯০১০১-২১১০০০৩০০-৩৭২১১০১ হতে নির্বাহ করার জন্য অনুরোধ করা হলো।  
৩। বরাদ্দকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র দুত সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে প্রদানের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হলো।


জেলা	উপজেলা	প্রকল্পের বিবরণ	বরাদ্দকৃত টাকার পরিমাণ
নেত্রকোণা	আটপাড়া	১। খিলা মাদ্রাসার দক্ষিণ পাশ হইতে খিলা আহাদ এসপি'র বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ।	৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা।
ময়মনসিংহ	ত্রিশাল	১। মঠবাড়ী ইউনিয়ন উচ্চ বিদ্যালয় ও কলেজ মাঠে মাটি ভরাট।	১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা।
		২। মঠবাড়ী পূর্বপাড়া ঈদ-গাহ মাঠে মাটি ভরাট।	১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা।
		সর্বমোট=	৩১,০০,০০০ (একত্রিশ লক্ষ) টাকা।

শর্তসমূহঃ-

- (১) এই প্রকল্পের অর্থ উত্তোলন ও বাস্তবায়নের সময়সীমা ৩০/০৬/২০১৯ খ্রি।  
(২) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সর্বশেষ জারীকৃত “গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যসহায়/নগদ টাকা) কর্মসূচি নির্দেশিকা” অনুসারে প্রাক্কলন প্রস্তুতসহ অন্যান্য অনুচ্ছেদ এবং সকল বিধি-বিধান/পদ্ধতি অনুসরণ করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে; দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবরে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ করতে হবে;  
(৩) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও শর্ত-১ এ বর্ণিত নির্দেশিকা-এর অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;  
(৪) বাস্তবায়নামীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/ পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে;  
(৫) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে;  
(৬) নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করা এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;  
(৭) কোনো প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/বিধির আওতায় আনতে হবে।

চলমান পাতা-২

- (৮) কোনো প্রকল্প ডুপ্লিকেশন হলে ঐ প্রকল্পে বরাদ্দকৃত অর্থ সরকারী কোষাগারে ফেরৎ প্রদান করতে হবে;
- (৯) প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন এবং নির্ধারিত সময়ের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন যথারীতি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে;
- (১০) পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;
- (১১) নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার সংরক্ষণ করতে হবে।

  
(মোঃ মনিরুজ্জামান)  
(উপসচিব)  
উপ-পরিচালক (কাবিখা-১)  
ফোনঃ ৯৮৮৬৪৭৩।

স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৮.১৩০.১৯.৩২২


তারিখঃ ০৫ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ  
১৯ জুন, ২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ২। পরিচালক(মুওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা/ত্রিশাল, ময়মনসিংহ।
- ৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নেত্রকোণা/ময়মনসিংহ।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার (দায়িত্ব প্রাপ্ত), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, নেত্রকোণা/ময়মনসিংহ।(উল্লেখিত অর্থ **ibas++** এ ছাড় করণের জন্য উপ-বরাদ্দের কপি [ddmreport@gmail.com](mailto:ddmreport@gmail.com) ই- মেইলে প্রেরণের অনুরোধ সহ)
- ৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা/ত্রিশাল, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব ত্রাক-২, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
(মোঃ মনিরুজ্জামান)  
(উপসচিব)  
উপ-পরিচালক (কাবিখা-১)